

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১:১০৮

💵 আরবি মূল আয়াত:

قُل إِنَّمَا يُوحِى إِلَىَّ أَنَّمَا إِلَهُكُم إِلَهٌ وَّاحِدٌ فَهَل أَنتُم مُّسلِمُونَ ﴿١٠٨﴾

বল, 'আমার প্রতি ওহী প্রেরণ করা হয় যে, তোমাদের ইলাহ একক ইলাহ। সুতরাং তোমরা কি আত্মসমর্পণকারী হবে'? — আল-বায়ান

বল- আমার প্রতি এ ওয়াহীই করা হয়েছে যে, তোমাদের ইলাহ একমাত্র ইলাহ, কাজেই তোমরা কি তাঁর নির্দেশের প্রতি মাথা নত করবে? — তাইসিরুল

বলঃ আমার প্রতি অহী হয় যে, তোমাদের মা'বৃদ একই মা'বৃদ; সুতরাং তোমরা হয়ে যাও আত্মসমর্পনকারী। — মুজিবুর রহমান

Say, "It is only revealed to me that your god is but one God; so will you be Muslims [in submission to Him]?" — Sahih International

১০৮. বলুন, আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ এক ইলাহ, সুতরাং তোমরা কি আত্মসমর্পণকারী হবে?

তাফসীরে জাকারিয়া

(১০৮) বল, 'আমার প্রতি প্রত্যাদেশ হয় যে, তোমাদের উপাস্য একই উপাস্য। সুতরাং তোমরা আত্মসমর্পণকারী (মুসলিম) হবে কি?' [1]

[1] এখানে পরিষ্কার করা হয়েছে যে, প্রকৃত রহমত অর্জন হল, তাওহীদকে বরণ এবং শিরক বর্জন করা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2591

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন